গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

**বিষয়: বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন সংক্রান্ত ফেব্রুয়ারি, ২০২২ মাসের সভার কার্যবিবরণী।**

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আমিনুল ইসলাম<br>মহাপরিচালক (অতিরিক্ত সচিব) |
| সভার তারিখ | ২৭/০২/২০২২ |
| সভার সময় | বিকাল ৩.০০ ঘটিকা। |
| স্থান | বিপিআই কনফারেন্স কক্ষ (তুরাগ)। |
| উপস্থিতি | সংযুক্তি-ক (উপস্থিতি তালিকা)। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

২। অতঃপর সভায় ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের অগ্রগতির বিষয়ে নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক নং | বিষয়/আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| ১। | **<u>পূর্ববর্তী মাসের কার্যবিবরণী দৃঢ়ীকরণ:</u>**<br>প্রারম্ভে বিগত সভার কার্যবিবরণীতে কোনোরূপ সংশোধনী প্রয়োজন আছে কিনা জানতে চাওয়া হলে উপস্থিত সকল কর্মকর্তা জানান যে, সংশোধনের প্রয়োজন নেই। বিগত মাসের সিদ্ধান্তসমূহ বাস্তবায়িত হয়েছে মর্মে সভাকে জানানো হয়। | কোনো সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয় | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)।। ২। বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রডাকশন ও প্রসেসিং)। ৩। সহকারী পরিচালক (প্রশাসন শাখা)। |
| ২। | **<u>প্রশিক্ষণ সংক্রান্তঃ</u>**<br>২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতাধীন কর্মসম্পাদন ক্ষেত্রের সুষ্ঠু বাস্তবায়নের নিমিত্ত প্রশিক্ষণ ও কর্মশালা আয়োজনের বিষয়ে সভায় আলোচনা হয়। ফেব্রুয়ারি, ২০২২ মাসে ৫ টি প্রশিক্ষণ ও ১ টি কর্মশালা আয়োজনের মাধ্যমে মোট ২৫৭ জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদান করার মাধ্যমে ২০২১-২২ অর্থবছরের ফেব্রুয়ারি মাস পর্যন্ত মোট ৮৩৫ জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে মর্মে সভাকে জানানো হয়। | বার্ষিক প্রশিক্ষণ সূচি অনুযায়ী প্রশিক্ষণ ও কর্মশালা সুষ্ঠুভাবে আয়োজনের জন্য সকল প্রস্তুতি সম্পন্ন করতে হবে। | ১। পরিচালক ( প্রশাসন ও প্রশিক্ষণ)। ২। ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ অধিশাখা)। ৩। সহকারী পরিচালক (প্রশাসন শাখা)। ৪। বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ শাখা)। |
| ৩। | **<u>বুনিয়াদি প্রশিক্ষণঃ</u>**<br>বুনিয়াদি প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে সভায় আলোচনা হয়। করোনা ভাইরাসের সংক্রমণ বেড়ে যাওয়ায় গত ৬ ফেব্রুয়ারি, ২০২২ তারিখে বুনিয়াদি প্রশিক্ষণ আয়োজন স্থগিত করা হয় মর্মে সভাকে জানানো হয়। | সাম্প্রতিক করোনা ভাইরাসের সংক্রমণ কমে যাওয়ায় বুনিয়াদি প্রশিক্ষণ আয়োজনের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)। ২। ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ অধিশাখা)। ৩। সহকারী পরিচালক (প্রশাসন শাখা)। ৪। বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ শাখা)। |

| | | | |
|---|---|---|---|
| ৪। | **গবেষণা ও লার্নিং সেশনঃ**<br>গবেষণা ও লার্নিং সেশন সংক্রান্ত কার্যক্রম গ্রহণের নিমিত্ত আলোচনা করা হয়। “A Study on the Optimum Ratio of Propane and Butane Mixture in LPG and Effects of Impurities for Different Usages” শিরোনামে গবেষণা পরিচালনার জন্য তথ্য সংগ্রহের কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভাকে জানানো হয়। | গবেষণা কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য গবেষণা কার্যক্রমের ধাপসমূহ উল্লেখপূর্বক ধাপভিত্তিক অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | ১। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (পিএস.ও)<br>২। ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ অধিশাখা)।<br>৩। সহকারী পরিচালক (প্রশাসন শাখা)।<br>৪। বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ শাখা)। |
| ৫। | **অর্গানোগ্রাম সংশোধনঃ**<br>বিপিআই এর প্রশাসনিক কার্যক্রম সংস্কারের আওতাধীন অর্গানোগ্রাম সংশোধনের বিষয়ে প্রতিষ্ঠানের নিজস্ব জনবলের মাধ্যমে একটি সুপারিশ প্রস্তুত করে মন্ত্রনালয়ে প্রেরণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | অর্গানোগ্রাম সংশোধনের লক্ষ্যে সমধর্মী অন্যান্য প্রতিষ্ঠানের অর্গানোগ্রাম বিশ্লেষণ করে এবং নিজস্ব চাহিদা পর্যালোচনা করে একটি অর্গানোগ্রাম প্রস্তুতের লক্ষ্যে নিম্নরুপএকটি কমিটি গঠণ করা হয়:<br>১। পরিচালক (প্র: ও প্র:)- আহবায়ক<br>২। পিএসও-সদস্য<br>৩।এসএসও-সদস্য<br>৪। লুলু-উম-মাকনুন মুমু, সহ:পরি:- সদস্য সচিব | ১। পরিচালক ( প্রশাসন ও প্রশিক্ষণ)।<br>২।পিএসও<br>৩। উপপরিচালক<br>৪। সহকারী পরিচালক (গ্রন্থাগার)। |
| ৬। | **ভবিষ্য তহবিল প্রবিধিঃ**<br>ভবিষ্য তহবিল প্রবিধি খসড়া অনুমোদনের বিষয়ে সভায় আলোচনা করা হয়। অনুমোদনের উদ্দেশ্যে ভবিষ্য তহবিল প্রবিধি খসড়া জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে হতে অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে মর্মে সভায় জানানো হয়। | ভবিষ্য তহবিল প্রবিধি খসড়া অনুমোদনের জন্য প্রয়োজনীয় ফলোআপ করতে হবে। | ১। পরিচালক ( প্রশাসন ও প্রশিক্ষণ)।<br>২। উপপরিচালক।<br>৩। সহকারী পরিচালক (সকল)।<br>৪। বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল)। |
| ৭। | **কর্মপরিবেশ উন্নয়ন ও ছাদবাগানঃ**<br>বিপিআই এর কর্মপরিবেশ উন্নয়ন ও স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধির নিমিত্ত প্রাঙ্গানের ড্রেন ও আঙ্গিনা নিয়মিত পরিষ্কার রাখার বিষয়টি সভায় আলোচনা করা হয় এছাড়াও প্রাঙ্গণের সৌন্দর্যবর্ধনের নিমিত্ত বিপিআই ছাদে ফলদ ও ঔষধি বৃক্ষসহ অন্যান্য গাছে পরিপূর্ণ একটি মনোরম বাগান তৈরির নিমিত্ত টব, মাটি ও গোবর সার সংগ্রহ করা হয়েছে এবং গাছ সংগ্রহের কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। | বিপিআই এর কর্মপরিবেশ উন্নয়নে পরিষ্কার পরিচ্ছন্নতা কর্মসূচি জোরদার করতে হবে, আশেপাশের ড্রেন ও আঙ্গিনা পরিষ্কার কার্যক্রম নিয়মিত তদারকি করতে হবে এবং ছাদ বাগান ও প্রাঙ্গণের জন্য ঔষধি বৃক্ষসহ অন্যান্য ফলজ বৃক্ষ সংগ্রহ করতে হবে। | ১। পরিচালক ( প্রশাসন ও প্রশিক্ষণ)।<br>২। পেএসও<br>৩। উপপরিচালক।<br>৪। সহকারী পরিচালক (সকল)।<br>৫। বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল)। |
| ৮। | **অভিযোগ প্রতিকারঃ**<br>অভিযোগ প্রতিকার ব্যবস্থা ও অভিযোগ নিষ্পত্তি বিষয়ে আলোচনা করা হয়। কোনো অভিযোগ পাওয়া যায়নি মর্মে সভাকে অবহিত করা হয়। | কোনো অভিযোগ পাওয়া গেলে দ্রুত নিষ্পত্তির বিষয়ে পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। পরিচালক ( প্রশাসন ও প্রশিক্ষণ)।<br>২। উপপরিচালক।<br>৩। সহকারী পরিচালক (সকল)। |

৩। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ আমিনুল ইসলাম

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

স্মারক নম্বর: ২৮.০৪.০০০০.০০৩.১৬.০২৪.১৮.২৯

তারিখ: ১৬ ফাল্গুন ১৪২৮
০১ মার্চ ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ), প্রশাসন ও প্রশিক্ষণ অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
২) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট (আর এন্ড ডি) অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৩) ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশিক্ষণ অধিশাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৪) বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশিক্ষণ অধিশাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৫) বৈজ্ঞানিক কর্মকর্তা, ডাটা ম্যানেজমেন্ট অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৬) বৈজ্ঞানিক কর্মকর্তা, রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট (আর এন্ড ডি) অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৭) সহকারী পরিচালক, হিসাব শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৮) সহকারী পরিচালক, ভান্ডার শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৯) সহকারী পরিচালক, সাধারণ প্রশাসন শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
১০) বৈজ্ঞানিক কর্মকর্তা, মাইনিং ইঞ্জিনিয়ারিং শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
১১) বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রোডাকশন,প্রসেসিং এন্ড ডিস্ট্রিবিউশন টেকনোলজিস শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
১২) বৈজ্ঞানিক কর্মকর্তা, ড্রিলিং এন্ড ওয়েল ডেভেলপমেন্ট টেকনোলজি শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
১৩) বৈজ্ঞানিক কর্মকর্তা, ডাটা প্রসেসিং,আইটি এন্ড ব্যুরো সার্ভিস শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
১৪) সহকারী পরিচালক, গ্রন্থাগার শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট



মোঃ আমিনুল ইসলাম
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)